

💵 হিসনুল মুসলিম

বিভাগ/অধ্যায়ঃ শুভ অশুভ লক্ষন রচয়িতা/সঙ্কলকঃ ড. সাঈদ ইব্ন আলী ইব্ন ওয়াহফ আল-কাহত্বানী

১০৬. আনন্দদায়ক অথবা অপছন্দনীয় কিছুর সম্মুখীন হলে যা বলবে

২১৮- নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লামের কাছে যখন আনন্দায়ক কোনো বিষয় আসত তখন তিনি বলতেন, «الْحَمْدُ لِلَّهِ الَّذِي بِنِعْمَتِهِ تَتِمُّ الصَّالِحَاتُ»

(আলহামদু লিল্লা-হিল্লাযী বিনি'মাতিহী তাতিম্মুস সা-লিহা-ত)।

"আল্লাহ্র জন্য সমস্ত প্রশংসা, যাঁর নেয়ামত দ্বারা সকল ভাল কিছু পরিপূর্ণ হয়।"

আর যখন তার কাছে অপছন্দনীয় বিষয় আসত, তখন তিনি বলতেন,

«الْحَمْدُ لِلَّهِ عَلَى كُلِّ حَالٍ».

(আলহামদুলিল্লা-হি 'আলা কুল্লি হাল)

"সকল অবস্থায় যাবতীয় প্রশংসা আল্লাহ্র জন্য।"[1]

ফুটনোট

[1] হাদীসটি সংকলন করেছেন, ইবনুস সুন্নী, আমালুল ইয়াওমি ওয়াল-লাইলাহ, নং ৩৭৭; হাকেম এবং তিনি একে সহীহ বলেছেন, ১/৪৯৯। আর শাইখ আলবানী তাঁর সহীহুল জামে' ৪/২০১।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1027

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন